গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

কারা অধিদপ্তরাধীন কারারক্ষী ও মহিলা কারারক্ষী নিয়োগ কমিটির সুপারিশক্রমে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর টাকা ৯০০০-২১,৮০০/- স্কেলে (১৭ তম গ্রেড) ও সরকার কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতা /সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কারারক্ষী/ মহিলা কারারক্ষী পদে নিম্নোক্ত রোলধারী প্রার্থীদের অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো। আগামী ২৮ নভেম্বর, ২০২৪ তারিখ কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

নির্দেশনা:

১। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। কাজে যোগদানের তারিখ হতে যোগদানকৃত পদে চাকরিকাল গণ্য হবে।

২। চাকরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ বছর শিক্ষানবীশকাল হিসাবে গণনা করা হবে। শিক্ষানবিশকালে (দুই)শৃংখলা বহির্ভূত কোন কাজে জড়িয়ে পড়লে বা আচরণ ও দক্ষতা সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপ্রাপ্তকে চাকরি হতে বরখাস্ত করা যাবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্তি শেষে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে।

৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ০৬ (ছয়) মাসের মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা যাবে।

৪। সন্তোষজনক ডাক্তারী প্রত্যয়ন পত্র, সন্তোষজনক মাদকাসক্তি সংক্রান্ত পরীক্ষার রিপোর্ট(ডোপ টেস্ট)এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া না গেলে, স্থায়ী ঠিকানা সঠিক না হলে, বিবাহিত হলে (মুক্তিযোদ্ধার সন্তান ব্যাতীত), শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়স প্রমাণে সঠিক পাওয়া না গেলে, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ভূয়া প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৫। কারা বিধি ১ম খন্ডের ১৬১ ধারা মোতাবেক প্রত্যেক অধ:স্তন কর্মচারী চাকরি হতে ইস্তফা দেওয়ার ০২ (দুই) মাস পূর্বে লিখিতভাবে জানাতে বাধ্য থাকবেন।

৬। সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী চাকরিতে তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে এবং সবাই একই ব্যাচের কর্মচারী হিসাবে গণ্য হবেন।

৭। নিয়োগপ্রাপ্ত প্রার্থী কর্তৃপক্ষের নির্দেশক্রমে সারাদেশের যে কোন কারাগার/দপ্তরে চাকরি করতে বাধ্য থাকবেন।

৮। চাকরিতে যোগদানের সময় নিম্নোক্ত সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং নিয়োগপত্রসহ সকল সনদের ০৩ সেট (তিন) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ক। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।	চ। সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সংক্রান্ত প্রত্যয়নপত্র।
খ। নাগরিকত্বের সনদ।	ছ। সিভিল সার্জন কর্তৃক যাচাইকৃত মাদকাসক্তি সংক্রান্ত (ডোপ টেস্ট) রিপোর্ট।
গ। বৈবাহিক অবস্থার সনদ।	জ। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র, মুক্তি বার্তা নম্বর এবং গেজেটের কপি(প্রযোজ্য ক্ষেত্রে)।
ঘ। জাতীয় পরিচয় পত্র (জাতীয় পরিচয় পত্র না থাকলে জন্মনিবন্ধন এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্র)।	ঝ। মুক্তিযোদ্ধার সন্তান ও নাতী নাতনীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সার্টিফিকেট **(স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।**
ঙ। ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত)।	ঞ। এতিম, আনসার ভিডিপি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র।

৯। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করবেন। অন্যথায় তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১০। এই নিয়োগপত্র যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

যোগদানের জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর – (পঞ্চম পর্ব)

প্রার্থীর রোল নম্বর (কারারক্ষী):

মৌলভীবাজার:

11030495, 11030501, 11030515, 11030562, 11030663, 11030736, 11030778, 11030787, 11030910, 11030925

নোট:

- চুড়ান্তভাবে নির্বাচিত কারারক্ষী / মহিলা কারারক্ষীদের মধ্য থেকে যাদের সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া গেছে শুধুমাত্র তাদেরকে যোগদানের জন্য পঞ্চম পর্বে নির্বাচন করা হয়েছে।
- পরবর্তীতে সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তী সাপেক্ষে অন্যান্যদের তালিকা প্রকাশ করা হবে।
- ওয়েব সাইটে প্রকাশিত প্রার্থীদের মধ্যে যারা নিয়োগ পত্র পাননি তারা কারা অধিদপ্তর/ কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী থেকে নিয়োগপত্র সংগ্রহ করে আগামী ০১.১২.২০২৪ তারিখের মধ্যে কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে যোগদানের সময় কারারক্ষীদের নিম্নোক্ত ব্যক্তিগত জিনিসপত্রসহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো:

ব্যবহার্য জিনিষপত্র যা সঙ্গে আনা যাবে:-

১. **পোষাক পরিচ্ছদ:**

ক. হাফ টি শার্ট(সাদা), ট্রাউজার(সাদা), পিটি সু(সাদা)- (ন্যূনতম ২ জোড়া);
খ. ফুল শার্ট (সাদা), ফুল প্যান্ট (কালো), অক্সফোর্ড সু (কালো)- (ন্যূনতম ২ জোড়া);
গ. সাদা পাঞ্জাবী, সাদা পায়জামা, সাদা টুপি , স্যান্ডেল(কালো)- (প্রয়োজন মত);
ঘ. ফুল শার্ট, ফুল প্যান্ট এবং সু (প্রয়োজন মত);
ঙ. জ্যাকেট/সোয়েটার;
চ. স্লিপিং ড্রেস;
ছ. তোয়ালে (প্রয়োজন মত);
জ. আন্ডার ওয়্যার (প্রয়োজন মত);
ঝ. মোজা। (প্রয়োজন মত)

২. **বেডিং:**

সিঙ্গেল তোষক, বেড শীট, কভারসহ বালিশ, মশারি। (প্রয়োজন মত)

৩. **তৈজসপত্র:**

মেলামাইনের, প্লেট, বাটি, গ্লাস। (প্রয়োজন মত)

৪. **প্রসাধনী:**

চিরুনী, সাবান, সেভিং কিটস, টুথ ব্রাশ, টুথ পেস্ট, ভেসলিন, লোশন । (প্রয়োজন মত)

৫. **অন্যান্য:**

ট্রাংক, (দৈর্ঘ্য ৩৬ ইঞ্চি x প্রস্থ ২৪ ইঞ্চি x উচ্চতা ২৪ ইঞ্চি)। (তালাসহ)

নিষিদ্ধ দ্রব্যাদি যা সঙ্গে আনা যাবে না:-

ক. কোন ধরনের ঔষধপত্র। (নিয়মিত ঔষধের প্রয়োজন হলে শুধুমাত্র ডাক্তারের প্রেসক্রিপশন সঙ্গে আনা যাবে);
খ. কোন মোবাইল ফোন, ল্যাপটপ, ট্যাব;
গ. কোন ধরনের আংটি, গলার চেইন, স্বর্ণের কোন গয়না বা দামি অলংকার;
ঘ. কোন ধরনের দেয়াশলাই বা গ্যাস লাইটার এবং সিগারেট বা অন্যান্য যে কোন ধরনের মাদক।